

## বাংলার মাটি বাংলার জল মমতা চৌধুরী

তুমি আমার বাংলার মাটি,  
আমার জন্মভূমি,  
শতকোটি চুম্বনে রাঙ্গাই  
তোমার চরন দু'খানি  
এ যেন মোর প্রিয়ার অধরের  
উষ্ণ মধুরিমার আবেশখনি ॥

মর্তে স্বর্গবোধ তুমি  
আমার চেতনায়  
তোমার নিত্য চলাচল  
মোর ভাবের সীমান্যায়,  
তব বিদ্যুৎ পরশে সঞ্চালিত  
ঘন নীল মেঘপুঁজি মোর কামনায় ॥

বাংলা, তুমি আমার দুর্বার স্বাধীনতার স্পন্দনা,  
আমার প্রতি লহিত কণায় স্পন্দিত  
তোমায় পাওয়ার অজুত বাসনা,  
মৃহু মৃহু ঝংকৃত,  
সীমানা হারানো সীমান্যায় -  
লাল সবুজের বন্যায় ॥

সহস্র বছরের নিঘাদ রোদে পুড়ে পুড়ে  
অসীম সহিষ্ণু, ভূমি, তুমি  
ত্রুঁষিত চাতকের মত  
চৈত্রের কাঠফাটা জ্যোম্নায়  
'চোখ গেল' 'চোখ গেল' আর্তস্বরে -  
প্রতীক্ষার প্রহর গুনো তুমি  
আমার শাওন মেঘের  
প্রথম অভিসারে ॥

আমি তাই বাংলার জল হয়ে  
অৰোর ধারার সিদ্ধনে -  
শীতল করি তোমার তঙ্গ তনুমন প্রাণ  
প্রকৃতির উজার করা  
ভালবাসার অর্ঘে -  
যুগে যুগে, ক্ষণে ক্ষণে, পলে পলে ॥

আমার বিজয় পতাকা উড়ীন, বাংলা,  
শত ডিসেম্বরের টগ্বগে রক্তস্নোতে -  
তব দেবশ্রী অঙ্গ জুড়ে  
মোর ভালবাসার অপার অহংকারে ।  
প্রতি প্রহরে বুনেছি, নিভৃতে যতনে -  
মোর মুক্তির কথকতার  
এক নীল নক্ষীকাঁথা -  
মোদের বিজয়ের অপরূপ সূতিগাঁথার দেউলে ॥

আমার ভুবন, তুমি, উর্বর মৃত্তিকা,  
বর্গী এসে ছিনিয়ে নিতে পারেনি  
এক কণাও ঐশ্বর্য তোমার!  
তাই বুঝি এত প্রশান্তি  
তোমার পরশের প্রতি কণায় -  
অবিরল ধারা হয়ে ঝাড়ে পরি তাই আমি  
তব বক্ষের কোমল আঙ্গিনায় ॥

অতপরঃ শ্যামল কোমল উপ্যতকায় তোমার -  
পদ্মা যমুনা মিশে যাওয়া  
একই ধারায়;  
আমাদের স্বপ্নের শিশুরা দোলে  
প্রতি শস্যের দানায় দানায়  
চন্দ্ৰ সূর্যের মিঠে আলোর বন্যায় ॥

বাংলা, আমি তোমার গহীন ব্যথায়  
হৃদয়ের অশ্রবিন্দু হিরক কণার -  
যেমনি শ্রীলক্ষ্মা ভারত কন্যার।  
যদিও শত ঘাতকের আঘাতে  
বিদীর্ণ মোরা ক্ষণে ক্ষণে  
তরুও ফিরে ফিরে আসব আমি,  
অনন্তকাল ধরে, বাংলা,  
তব বাঁধনহারা রাথীর অনিন্দ্য বন্ধনে ॥

৩০শে নভেম্বর, ২০০৫।